JUN. 28 2002

দৈনিক ইনকিলাব

তারিখ ... পৃষ্ঠা ৩ কলাম ৬

# চলতি মৌসুমে ঢাবি ক্যাম্পাসে ১০ হাজার বৃক্ষ রোপণ করা হবে

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** চলতি মৌসুমে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে দশ হাজার বৃক্ষ রোপণ করা হবে। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার আহবানে সাড়া দিয়ে জাতীয় বৃক্ষ রোপণ কর্মসূচীর অংশ হিসেবে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ উদ্যোগ গ্রহণ করেছেন। গত ১৭ জুন অনুষ্ঠিত সিনেট অধিবেশনে ভিসি প্রফেসর আনোয়ার উল্লাহ চৌধুরী তার অভিভাষণে ১০ হাজার বৃক্ষ রোপণের ব্যাপক কর্মসূচীর কথা ঘোষণা করেন। ইতোমধ্যে গত বুধবার এক হাজার বৃক্ষ রোপণের জন্য দুটি স্থান নির্বাচন চূড়ান্ত করা হয়েছে। বিশ্ববিদ্যালয় এলাকায় বৃক্ষায়ন ও সৌন্দর্য বৃদ্ধির জন্য গঠিত বিশেষ কমিটি বৃক্ষ রোপণ কর্মসূচী বাস্তবায়ন করবে।

এদিকে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গতকাল এক প্রেস বিজ্ঞপ্তিতে ইরানের অর্থানুকূল্যে 'বাংলাদেশ-ইরান সেন্টার ফর পার্শিয়াস স্টাডিজ' ভবন নির্মাণ প্রক্রিয়ার বিভিন্ন ধাপে কতিপয় ছাত্র ও তাদের কতিপয় বহিরাগত সহযোগীর বাধা সৃষ্টি ও উচ্ছৃংখল আচরণকে শৃঙ্খলা পরিপন্থী কাজ হিসেবে উল্লেখ করে। বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়, উক্ত ভবন নির্মাণের ব্যাপারে যারা আপত্তি করে তথাকথিত আন্দোলন করছে তাদের বক্তব্য অত্যন্ত সহানুভূতির সাথে বিশ্ববিদ্যালয়ের প্রতিটি নীতিনির্ধারণী সংস্থায় আলোচনা করেই চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। বিকল্প জায়গা থাকলে কর্তৃপক্ষ অবশ্যই ভিন্ন সিদ্ধান্ত গ্রহণ করতে পারত। এমতাবস্থায় পার্শিয়ান স্টাডিজ ভবন নির্মাণের বিরোধিতা ও পরিবেশ রক্ষার নামে যে গুটিকয়েক ছাত্রছাত্রী ও তাদের বহিরাগত সহযোগীরা ক্যাম্পাসে বিশৃঙ্খলা সৃষ্টি ও বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ সংস্থাসমূহের সর্বসম্মত সিদ্ধান্ত বাস্তবায়নে বাধার সৃষ্টি করছে, তাদেরকে এসব কর্মকাণ্ড থেকে বিরত থাকতে বলা হয়েছে।